



From : Dr. Bappaditya Mandal  
Principal

# SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,  
West Bengal, India - 722 207

NAAC : B(2.37) 2016 - 1st Cycle

www.sonamukhicollegebankura.com  
sonamukhicol@gmail.com  
(91)03244-275251

Ref. No.: 202107281523/SC/1/Notice\_OLA

Dated : 28/07/2021

## অনলাইন এডমিশন ২০২১-২২ নোটিশ

এতদ্বারা ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সোনামুখী কলেজে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম সেমিস্টার-এ (অনার্স ও প্রোগ্রাম কোর্স) ভর্তির জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া আগামী ০২/০৮/২০২১ থেকে শুরু হবে। আবেদন করা যাবে আগামী ২০/০৮/২০২১ পর্যন্ত। ২০২১, ২০২০ এবং ২০১৯ সালে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে। আবেদন করার জন্য কোনো রেজিস্ট্রেশন ফি দিতে হবে না।

**এলিজিবিলিটি :** উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় বেস্ট ফাইভ সাবজেক্টস-এর টোটাল-এ (aggregate of best five subjects) 45% মার্কস নিয়ে উত্তীর্ণ হলে অনার্স কোর্সে আবেদন করা যাবে। সমস্ত উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা প্রোগ্রাম কোর্সে আবেদন করতে পারবে। উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় Mathematics সাবজেক্ট থাকলে তবেই Economics Hons. এবং Computer Science Hons. কোর্সে আবেদন করা যাবে। Vocational কোর্স থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় সমস্ত উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আর্টস প্রোগ্রাম কোর্সে আবেদন করতে পারবে। Vocational Engineering and Technology কোর্সে Mathematics সাবজেক্ট-এ পাশ মার্কস সহ উত্তীর্ণ হলে Pure Science Programme কোর্সে আবেদন করা যাবে। Vocational Agriculture কোর্সে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা Bio Science Programme কোর্সে আবেদন করতে পারবে। Vocational Business and Commerce কোর্সে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা Accountancy Hons. এবং B.Com Programme কোর্সে আবেদন করতে পারবে।

**আবেদন পদ্ধতি :** আবেদনকারীর নিজস্ব permanent Mobile No এবং Email ID থাকা একান্ত আবশ্যিক। একজন আবেদনকারী একটি এপ্লিকেশন ফর্মে সর্বাধিক তিনটি অনার্স কোর্স এবং দুটি প্রোগ্রাম কোর্সে আবেদন করতে পারবে। কলা বিভাগে (Arts Stream) সামগ্রিক Arts Prog. কোর্সের পরিবর্তে বিভিন্ন বিষয়-ভিত্তিক প্রোগ্রাম কোর্সে (যেমন Bengali Prog., Geography Prog. ইত্যাদি) ভর্তি নেওয়া হবে।

মেরিট লিস্টে কোনো একটি বিষয়ে সুযোগ পেলে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীকে নিজের Account-এ log in করে সুযোগটি Accept করতে হবে। Accept করার পর Hons. কোর্সে আবেদনকারীদের একটি GE (Generic Elective) Subject নির্বাচন করতে হবে। Arts ও Commerce Programme কোর্সে আবেদনকারীদের তিনটি বিভিন্ন গ্রুপ থেকে একটি Prog subject, একটি DSC (Discipline ২) subject ও একটি MIL subject নির্বাচন করতে হবে। Science Programme কোর্সে আবেদনকারীদের শুধুমাত্র একটি Prog সাবজেক্ট নির্বাচন করতে হবে। বাকি বিষয়গুলি software-এর মাধ্যমে Auto-select হবে। এরপর নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন মোডে Admission fee পেমেন্ট করলে তবেই ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে।

একবার কোনো সুযোগ Accept না করলে ওই বিষয়ের পরবর্তী মেরিট লিস্টে আবেদনকারী আর বিবেচিত হবে না। একবার একটি বিষয়ে ভর্তি হওয়ার পর পরবর্তী মেরিট লিস্টে অন্য কোনো বিষয়ে সুযোগ পেলে ছাত্রছাত্রীরা সর্বোচ্চ দুইবার Choice Transfer-এর সুযোগ পাবে।

অনলাইন আবেদনে কোনো ভুল তথ্য পরিবেশন করলে আবেদনটি বাতিল করা হবে।

কলেজ সম্পর্কে এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরও বিশদে জানতে সোনামুখী কলেজের ওয়েবসাইটে Prospectus ২০২১-২২ এবং এডমিশন সম্পর্কিত পূর্ববর্তী নোটিশ দেখার উপদেশ দেওয়া হচ্ছে। এডমিশন ওয়েবসাইটের Link কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে।

College Website: [www.sonamukhicollege.ac.in](http://www.sonamukhicollege.ac.in)

Help Desk: [smkadm21@gmail.com](mailto:smkadm21@gmail.com)

Principal  
Sonamukhi College  
Sonamukhi, Bankura